



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ১৬/০৪/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

নবনিযুক্ত উপাচার্য-

পাবিপ্রবিকে আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলা হবে

উপ-উপাচার্যের যোগদান

(১৬.০৪.২০২২)ঃ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বলেছেন, ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী সকলের সম্মিলিত প্রচেষ্টায় পাবিপ্রবিকে একটি আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলা হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন ও উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়', এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

সবাই নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করলে অল্পদিনের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র অবস্থান তৈরি হবে দেশবাসীর কাছে। সবাই মিলে আলোকিত জাতি গঠনে আমরা কাজ করবো। দেশ, জাতি ও মানুষের প্রতি দায়বদ্ধতা হবে আমাদের প্রধান অঙ্গীকার। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যারা দেশের জন্য জীবন দিয়েছেন তাঁদের স্বপ্ন বাস্তবায়নে সবাই মিলে একসাথে কাজ করবো।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

আজ শনিবার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের এক অভ্যর্থনা অনুষ্ঠানে উপাচার্য এসব কথা বলেন। নিয়োগ লাভের পর উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন ও উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান মহোদয় আজ শনিবার দুপুরে একসঙ্গে ক্যাম্পাসে আগমন করলে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। এসময় ফুল দিয়ে নবনিযুক্ত উপাচার্য ও উপ-উপাচার্য মহোদয়কে বরণ করে নেন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা। এরপর বেলা সাড়ে ১২ টায় উপাচার্য ও উপ-উপাচার্য মহোদয় শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়', স্বাধীনতা চত্বর, ও শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

শ্রদ্ধাঞ্জলি শেষে উপাচার্য দপ্তরে এক অভ্যর্থনা অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন আরও বলেন, সকলের সহযোগিতা ও সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে হবে। আমাদের যার যার দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করতে হবে। বিশ্ববিদ্যালয়কে একটি পরিবার মনে করতে হবে। সকল মতভেদ ভুলে প্রতিষ্ঠানের মঙ্গলের জন্য আমাদের কাজ করতে হবে। ব্যক্তি স্বার্থের উর্ধ্বে উঠে প্রতিষ্ঠানকে ভালোবাসতে হবে। সকলের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে একটি মডেল বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে। তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার চিন্তাভাবনা তথা দেশ গঠনে তাঁর আদর্শ আমাদের অনুসরণ করতে হবে। জাতির পিতার সোনার বাংলা বিনির্মাণে আমরা একসাথে কাজ করবো।

নব নিযুক্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. এস. এম. মোস্তফা কামাল খান বলেন, চতুর্থ শিল্পবিপ্লব বাস্তবায়নের জন্য আমাদেরকে দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে। আমাদের সকলের চিন্তা-চেতনা, ধ্যান-ধারণা ও দক্ষতার সম্মিলনে ঐক্যবদ্ধ প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিতে হবে। অভ্যন্তরীণ সমস্যা ভুলে প্রতিষ্ঠানকে এগিয়ে নিয়ে যেতে হবে। সবার উপরে বিশ্ববিদ্যালয়কে প্রাধান্য দিতে হবে। সরকার আমাদের উপর যে মহান দায়িত্ব অর্পণ করেছেন আমরা তা যথাযথ পালনের সর্বোচ্চ চেষ্টা করবো। আরও বক্তব্য দেন, ফার্স্ট ক্যাপিটাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হযরত আলী। রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম এর সঞ্চালনায় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, দপ্তর প্রধানগণ ফুল দিয়ে উপাচার্য ও উপ-উপাচার্য মহোদয়কে শুভেচ্ছা জানান।

প্রসঙ্গত, গত ১২ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের (অবসরপ্রাপ্ত) অধ্যাপক ড. হাফিজা খাতুনকে উপাচার্য হিসেবে এবং ১৩ এপ্রিল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অনুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান কে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করে শিক্ষা মন্ত্রণালয়।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন ১২ এপ্রিল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে যোগদান করেন এবং আজ ১৬ এপ্রিল শনিবার উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান বিশ্ববিদ্যালয়ে এসে যোগদান করেন।

বার্তা প্রেরক-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইলঃ ০১৭১১৯৪২২১২

ইমেইল: faruk_kantho@yahoo.com